


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.২০০.৫০.০০৮.২১- ১২৬

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭ / ১৮ ফেব্রুয়ারি ২০২১

# বিজ্ঞপ্তি

**বিষয় : ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর লিখিত (MCQ Type) পরীক্ষার আসন ব্যবস্থা, সময়সূচি ও পরিচালনার নির্দেশনা।**

৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর লিখিত (MCQ Type) পরীক্ষা আগামী ২৬.০২.২০২১ তারিখ, শুক্রবার, ঢাকা কেন্দ্রে নিম্নলিখিত সময়সূচি এবং আসনব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে:

**ক. সময়সূচি এবং পরীক্ষা পরিচালনার জরুরি নির্দেশনা**

| তারিখ ও দিন | সময় ও পূর্ণ নম্বর | সময়সূচি | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|---|---|
| ২৬.০২.২০২১ [শুক্রবার] | বিকেল ০৩.০০ মিনিট থেকে ০৫.০০ মিনিট পর্যন্ত | ১.০০-২.২৫ মিনিট | পরীক্ষার্থীরা নির্ধারিত পরীক্ষা হলে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। পরীক্ষার হলে প্রবেশের সময় পরীক্ষার্থীদের অবশ্যই স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, মাস্ক ছাড়া কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না। |
| | পূর্ণ নম্বর: ২০০ | ২.৩০ মিনিট | পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের ৪টি সেট থাকবে, যেমন সেট-১, ২, ৩ এবং ৪। পরীক্ষার্থীরা উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। পরীক্ষার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের ওপর খুলে রাখতে হবে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সাথে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| | | ৩.০০ মিনিট | পরীক্ষার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রেরও ৪টি সেট থাকবে যেমন সেট-১, ২, ৩ এবং ৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে সে সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থীরা উত্তরদান শুরু করবেন। |
| | | ৫.০০ মিনিট | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রেখে ধীরে ধীরে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র পরীক্ষার্থীরা নিয়ে যাবেন। |

পৃ.

## ২. পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা

১. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮ (আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

২. প্রতিটি উত্তরপত্রে সেট নম্বরের নির্ধারিত স্থানে সেট নম্বর এবং সেট নম্বরের জন্য নিচের সংশ্লিষ্ট বৃত্তটি মুদ্রিত থাকবে। কাজেই পরীক্ষার্থীদের উত্তরপত্রে সেট নম্বর লেখা এবং সেট নম্বরের বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। বিকেল ৩.০০ মিনিটে প্রশ্নপত্র প্রাপ্তির পর পরীক্ষার্থী তার প্রশ্নপত্রের সেট নম্বর এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন কিনা তা চেক করে নিশ্চিত হবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সাথে সাথে পরিদর্শককে অবহিত করতে হবে।

৩. প্রবেশপত্রের নীচে মুদ্রিত নির্দেশনা অতি মনোযোগের সাথে পড়ে তা অনুসরণ করতে হবে।

৪. প্রশ্নপত্র বিতরণের পর [বিকেল ৩.০০ মিনিট] কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত [বিকেল ৫.০০ মিনিট] কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৫. পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ পরীক্ষার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং জাতীয় পরিচয়পত্র [প্রয়োজনে] পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম ঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে পরীক্ষার্থী লিখেছেন কিনা এবং পরীক্ষার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। কোনো পরীক্ষার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের গরমিলসহ কোনোরূপ অনিয়ম ধরা পড়লে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. পরীক্ষায় অসদুপায় প্রতিরোধকল্পে পরীক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো:

৬.১ পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। বর্ণিত নিষিদ্ধ সামগ্রীসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।

৬.২ পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্য দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।

৬.৩ পরীক্ষার দিন উল্লেখিত নিষিদ্ধ সামগ্রী সাথে না আনার জন্য সকল পরীক্ষার্থীর মোবাইল ফোনে এস.এম.এস. প্রেরণ করা হবে। এস.এম.এস বার্তার নির্দেশনা অনুসরণ করতে হবে।

৬.৪ পরীক্ষার সময় পরীক্ষার্থীবৃন্দ কানের ওপর কোনো আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পূর্বাহ্ণে কর্ম কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।

৭. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন পরীক্ষার্থীর নিকট কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর এবং নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তির শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোন নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের পরীক্ষার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রী না আনার জন্য পরীক্ষার্থীদের বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

৮. কেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন বিবেচনা করা হবে না।

৯. অনলাইন আবেদনপত্রে [BPC Form-1] পরীক্ষার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষার বিজ্ঞপ্তির ৮.০ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে পরীক্ষার্থীকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞপ্তির ৮.০ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞপ্তির ৩১.০ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী কোন পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর [substantive] ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে।

১০. ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষার OMR উত্তরপত্রের ২টি অংশ থাকবে। প্রথম অংশে পরীক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, সেট নম্বর এবং স্বাক্ষরের স্থান থাকবে। দ্বিতীয় অংশে ২০০টি উত্তর প্রদানের জন্য ১-২০০ পর্যন্ত ক্রম অনুযায়ী বৃত্তসমূহ থাকবে।

১১. পরীক্ষার্থীদের বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে না লিখলে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে বিজ্ঞপ্তির ২৯ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষার প্রার্থিতা বাতিল হবে।

১২. এ পরীক্ষায় মোট ২০০ (দুইশত) টি MCQ Type প্রশ্ন থাকবে। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ [শুন্য দশমিক পাঁচ শুন্য] নম্বর করে কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ২ (দুই) ঘণ্টা।

১৩. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। কোনো পরীক্ষার্থীর Admit card হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং User ID/Password ভুলে গেলে কমিশনের Website এর সংশ্লিষ্ট Home page এর Admit card menu তে ক্লিক করলে User Recovery ও Password Recovery অপশন দেখা যাবে। উক্ত অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে submit করলে প্রয়োজনীয় এবং কাঙ্খিত তথ্যাবলি পাওয়া যাবে এবং Admit card ডাউনলোড করে প্রিন্ট করতে পারবে।

১৪. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**খ. ঢাকা কেন্দ্রের হলভিত্তিক আসন ব্যবস্থা**

| ক্রমিক নম্বর | পরীক্ষা হলের নাম | রেজিস্ট্রেশন নম্বর থেকে ------------ পর্যন্ত | পরীক্ষার্থী সংখ্যা |
|---|---|---|---|
| | **(ক) মোহাম্মদপুর/লালমাটিয়া অঞ্চল** | | |
| ১. | ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা | ১১০০০০০১----১১০০১৯০০ | ১৯০০ |
| ২. | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১০০১৯০১----১১০০৩১০১ | ১২০০ |
| ৩. | আলহাজ্ব মকবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজ, কাদেরাবাদ হাউজিং লিঃ কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা | ১১০০৩১০২----১১০০৪০০১ | ৯০০ |
| ৪. | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১০০৪০০২----১১০০৫৪০১ | ১৪০০ |
| ৫. | লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা | ১১০০৫৪০২----১১০০৬৯০১ | ১৫০০ |
| ৬. | ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল | ১১০০৬৯০২----১১০০৭৯০১ | ১০০০ |
| | **(খ) শেরে বাংলানগর/আগারগাঁও অঞ্চল** | | |
| ৭. | ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা | ১১০০৭৯০২----১১০০৮৬০১ | ৭০০ |
| ৮. | বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শেরেবাংলা নগর, ঢাকা | ১১০০৮৬০২----১১০০৯৬০২ | ১০০০ |
| ৯. | শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা | ১১০০৯৬০৩----১১০১০৪০২ | ৮০০ |
| ১০. | শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর ঢাকা | ১১০১০৪০৩----১১০১১৬০২ | ১২০০ |
| | **(গ) আজিমপুর অঞ্চল** | | |
| ১১. | ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা | ১১০১১৬০৩----১১০১৪৬০৩ | ৩০০০ |
| ১২. | গার্হস্থ্য অর্থনীতি কলেজ, আজিমপুর, ঢাকা | ১১০১৪৬০৪----১১০১৫৬০৩ | ১০০০ |
| ১৩. | আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ৪৯/ই, আজিমপুর, ঢাকা | ১১০১৫৬০৪----১১০১৭১০৩ | ১৫০০ |
| | **(ঘ) মিরপুর অঞ্চল** | | |
| ১৪. | ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা | ১১০১৭১০৪----১১০১৮১০৩ | ১০০০ |
| ১৫. | মডেল একাডেমি, প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, পাইকপাড়া সরকারী (ডি-টাইপ) কলোনী, মিরপুর-১, ঢাকা | ১১০১৮১০৪----১১০১৯৯৪৭ | ১০০০ |
| ১৬. | কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ,মিরপুর, ঢাকা | ১১০১৯৯৬৩----১২০০০৮৯৬ | ৯০০ |
| ১৭. | মীরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, (বালক শাখা), মিরপুর-১১ পল্লবী, ঢাকা | ১২০০০৮৯৭----১৩০০০০৫৫ | ১২০০ |
| ১৮. | হাজী আশ্রাফ আলী হাই স্কুল, পূর্ব শেওড়া পাড়া, কাফরুল, ঢাকা | ১৩০০০০৫৬----১৩০০০৬৫৫ | ৬০০ |
| ১৯. | সরকারি রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, রোড নং-১৬, রূপনগর আ/এ, মিরপুর, ঢাকা | ১৩০০০৬৫৬----১৩০০১৮৫৫ | ১২০০ |

| ক্রমিক নম্বর | পরীক্ষা হলের নাম | রেজিস্ট্রেশন নম্বর থেকে ------------- পর্যন্ত | পরীক্ষার্থী সংখ্যা |
|---|---|---|---|
| | **(ঙ) ধানমন্ডি/নিউমার্কেট অঞ্চল** | | |
| ২০. | গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, নিউমার্কেট, ঢাকা | ১৩০০১৮৫৬----১৪০০০১৩৬ | ১৩০০ |
| ২১. | ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা | ১৪০০০১৩৭----১৬০০০০৭৭ | ২০০০ |
| ২২. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি, ঢাকা | ১৬০০০০৭৮----১৬০০১৪৯২ | ১২০০ |
| | **(চ) ফার্মগেট/তেজগাঁও অঞ্চল** | | |
| ২৩. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা | ১৬০০১৪৯৩----১৭০০১২৮৭ | ১৫০০ |
| ২৪. | গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা | ১৭০০১২৮৮----১৮০০০২৭০ | ৮০০ |
| ২৫. | সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, সি.এ. আবাসিক এলাকা, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও,শাহীনবাগ, ঢাকা | ১৮০০০২৭১----১৮০০২০০০ | ১২২৬ |

১৮/০২/২০২১

**নূর আহ্মদ**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]
ফোন: ৫৫০০৬৬৪৪
ফ্যাক্স: ৫৫০০৬৬৫৩
Email: e_cc@bpsc.gov.bd

**[প্রকৃত জ্ঞানার্জনের মাধ্যমে বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নিন এবং নির্বাচিত হয়ে দেশ সেবার পবিত্র দায়িত্ব গ্রহণ করুন]**

**[কমিশন কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রীসহ পরীক্ষা হলে প্রবেশ শাস্তিযোগ্য অপরাধ]**

নম্বর-৮০.০০.০০০০.২০০.৫০.০০৮.২১- ৯২৩

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭ / ১৮ ফেব্রুয়ারি ২০২১

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা হলো]

২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বার বার প্রচার করতে তাঁকে অনুরোধ করা হলো]

৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকেঁ অনুরোধ করা হলো]

৪. বার্তা সম্পাদক,............................................
[বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ আকারে বার বার প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো]

৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[কমিশনের ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য অনুরোধ করা হলো]

৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[তাঁকে প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো]।